দৈনিক
ইত্তেফাক

তারিখ ·· 25 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আহ্বান

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। ছাত্রদল সভাপতি শহীদউদ্দিন চৌধুরী এ্যানিসহ দলীয় নেতা-কর্মীদের উপর হামলা, গ্রেফতার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল দখলের প্রতিবাদে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের উদ্যোগে গতকাল (শনিবার) জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে অনুষ্ঠিত এক সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় অনি-

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট আহ্বান

(১ম পৃঃ পর)

র্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট আহ্বান করা হইয়াছে। ইতিপূর্বে, ছাত্রদল আজ (রবিবার) দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রধর্মঘট পালনের কর্মসূচী ঘোষণা করিয়াছিল।

গতকাল প্রেসক্লাবের সম্মুখের সমাবেশে বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক ও ডাকসু ভিপি আমান-উল্লাহ আমান এমপি বলেন, ছাত্রদল নেতা-কর্মীদের উপর নির্যাতন-নিপীড়ন বন্ধ করা না হইলে ছাত্রদল এমন কর্মসূচী দিবে যাহাতে কোন শিক্ষা প্রতিষ্ঠানে আর লেখাপড়া হইবে না। তিনি বলেন, ছাত্রদল মৌচাকের মত। মৌচাকে ঢিল ছুড়িবেন না। পরিণাম ভাল হইবে না। ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি নাসির উদ্দিন আহমদ পিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে আরও বক্তৃতা করেন হাবিবুল ইসলাম হাবিব, হাবিবুন নবী সোহেল, মোজাফফর হোসেন জাকির, বজলুল বাসিত আঞ্জু, মনোয়ার হোসেন রানা, হেলেন জেরিন খান, নসরুল্লাহ খান জুনায়েদ, রুহুল কুদ্দুস, কাজল প্রমুখ।

আমান বলেন, ক্ষমতায় আসার পূর্বে শেখ হাসিনা কথা দিয়াছিলেন তিনি সন্ত্রাস দূর করিবেন। কিন্তু এখন ক্যাম্পাসে সন্ত্রাস করিয়া ছাত্রলীগের ছেলেরা হল দখল করিতেছে অথচ তাহাদের গ্রেফতার করা হইতেছে না। নির্যাতন-গ্রেফতার করা হইতেছে নিরীহ ছাত্রদল নেতা-কর্মীদের।

নাসির উদ্দিন পিন্টু বলেন, ছাত্রলীগের সন্ত্রাসীদের কোমরে যদি এতই জোর থাকে তবে পুলিশকে ক্যাম্পাস হইতে সরিয়া যাইতে বলুন।

সমাবেশে পিন্টু ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ঘোষণা দেন। এদিকে এ্যানির উপর হামলা, এ্যানিসহ ২৮ জনের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহার এবং ঢাকা ভার্সিটির ৪টি হল বহিরাগত দখলমুক্ত করার দাবীতে গতকাল বরিশাল, পিরোজপুর, খুলনা, রাজশাহী, সিলেট, টাঙ্গাইল, চাঁদপুর, মানিকগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে ছাত্রদল মিছিল-সমাবেশ করিয়াছে বলিয়া আমাদের সংবাদদাতাগণ জানাইয়াছে।